

যাচাই করুন আপনার তথ্য প্রযুক্তি জ্ঞান

সায়ন চট্টোপাধ্যায়

তথ্য প্রযুক্তির এই যুগে আপনার তথ্য প্রযুক্তি জ্ঞান কেমন? আপনি কি মনে করেন বিশ্বের বিভিন্ন প্রান্তে ঘটে চলা তথ্য প্রযুক্তি বিপ-বের সব ঘটনাবলী সম্বন্ধে আপনি অবগত? যদি তাই মনে করেন তাহলে আসুন পরীক্ষা হয়ে যাক। নিচে তথ্যপ্রযুক্তি সংক্রান্ত কয়েকটা গুরুত্বপূর্ণ এবং একই সঙ্গে মজার প্রশ্ন থাকল আপনার জন্য। যদি সবগুলো বা বেশির ভাগ প্রশ্নের উত্তর দিতে পারেন তাহলে ধরে নেব আপনি আসলেই তথ্য প্রযুক্তি বিপ-বের খোঁজখবর রাখেন। আর যদি স্কোর ভাল না হয়? তাহলে আর কি, চোখ কান খোলা রাখুন। সমৃদ্ধ করতে থাকুন নিজের প্রযুক্তি জ্ঞান। সামনের অন্য কোনো কুইজে নিশ্চয়ই সফলতা পাবেন।

ভাল কথা, এ কুইজের উত্তর আছে এ পৃষ্ঠারই নিচে। তবে শুরুতেই উত্তর দেখে নিয়ে মজাটা মাটি করবেন না। আগে চেষ্টা করুন পারেন কি না, তারপর নিজের উত্তরের সঙ্গে মিলিয়ে নিন সঠিক উত্তর। গুড লাক!

১। কোন দেশের নাগরিকরা ইন্টারনেট থেকে সবচেয়ে বেশি বেআইনী ডাউনলোডিং করে?

- ক) চীন
- খ) যুক্তরাষ্ট্র
- গ) জাপান

২। অতি সম্প্রতি কোন বিখ্যাত ব্যক্তি টুইটারে নিজের একাউন্ট খুলে বিশ্বে হই চই ফেলে দিয়েছেন?

- ক) ওসামা বিন লাদেন
- খ) বিল গেটস
- গ) টাইগার উডস

৩। গুগলের অবিরাম একচেটিয়া সফলতাকে ঠেকানোর অভিপ্রায়ে নতুন একটি সার্চ ইঞ্জিন নিয়ে দৃশ্যপটে আবির্ভূত হয়েছে মাইক্রোসফট। কি এর নাম?

- ক) উলফ্রাম আলফা
- খ) বাইডু
- গ) বিং


৪। কোন দেশের বিশ্বের প্রথম ভারুয়াল দুতাবাস খুলেছে?

- ক) যুক্তরাষ্ট্র
- খ) সুইডেন
- গ) ভ্যাটিকান সিটি

৫। কোন দেশ বিশ্বের বাকি যে কোনো দেশের চাইতে বেশি স্প্যাম মেইলের উৎস?

- ক) ভারত
- খ) চীন
- গ) যুক্তরাষ্ট্র

৬। বিশ্বের সর্বপ্রথম ব্যাপকভাবে ব্যবহৃত ওয়েব ব্রাউজার কোনটি?



- ক) ইন্টারনেট এক্সপ্লোরার
- খ) ইন্টারভাল
- গ) মোজেইক

৭। আলেক্সা.কম-এর প্রদত্ত তথ্যমতে কোন ওয়েব সাইটটি ২০০৯-এর মাঝামাঝি সময়ে

ইউটিউবকে টপকে বিশ্বের তৃতীয় সর্বাধিক জনপ্রিয় (ভিজিটরের সংখ্যায়) ওয়েব সাইটে পরিণত হয়?

- ক) ফেসবুক
- খ) উইকিপিডিয়া
- গ) ইয়াহু!

৮। আলেক্সা প্রদত্ত তথ্যমতে ইন্টারনেটের সবচেয়ে জনপ্রিয় ওয়েব সাইট কোনটি?

- ক) ইয়াহু!
- খ) গুগল
- গ) ইউটিউব

৯। ইউটিউবে কোন ভিডিওটি সবচেয়ে বেশিবার দেখা হয়েছে?

- ক) সুসান বয়েল-এর 'ব্রিটেন হ্যাজ গট টালেট'
- খ) ইন্ডল্যান্ড অব ড্যান্স
- গ) চার্লি বিট মাই ফিঙ্গার

১০। ইন্টারনেটের সবচেয়ে পুরনো ওয়েব সাইটের নাম কী?

- ক) লজিকওয়েব.কম
- খ) কোকাকোলা.কম
- গ) সিম্বলিক.কম

১। চীন। ২০০৭ সালের হিসাবমতে চীনে যত ডিজিটাল মিউজিক ফাইল ডাউনলোড করা হয়েছিল তার শতকরা ৯৯ ভাগই ছিল অবৈধ। ১০৩ কোটি মানুষের এই দেশ সে বছর আইন মেনে মাত্র ৭৬ মিলিয়ন ডলারের মিউজিক ডাউনলোড করেছিল। বর্তমানেও এই হার প্রায় একই আছে।

২। বিল গেটস। টুইটারে একাউন্ট খোলার কয়েক ঘণ্টার মধ্যেই হাজার হাজার অনুসরণকারী (ফলোয়ার) জোগাড় করে এবং নিজেও কয়েকজন সেলিব্রিটিকে ফলো করে প্রচুর আলোচনার জন্ম দিয়েছেন বিশ্বের এক নম্বর ধনী ব্যক্তিটি।

৩। বিং। যাত্রা শুরুর অল্প দিনের মধ্যেই সার্চ ইঞ্জিন ব্যবহারকারীদের প্রায় ১০ শতাংশকে আকৃষ্ট করার মাধ্যমে সাইবারস্পেসে বাড় তোলে বিং। ইদানীং ঝড়টা একটু থিতুয়ে এলেও এখনও আলোচনার কেন্দ্রবিন্দুতেই আছে সার্চ ইঞ্জিনটি।

৪। সুইডেন। ২০০৭ সালে অনলাইন গেম সেকেন্ড লাইফ-এ নিজেদের এমবাসীসী একটি ভারুয়াল সংস্করণ খোলে সুইডেন। যুক্তরাষ্ট্রে সুইডিশ দুতাবাসের অনুকরণে এটি তৈরি করা হয়েছে। অবশ্য ভারুয়াল ভিসা দেয়াটা এখনও শুরু করেনি তারা!

৫। যুক্তরাষ্ট্র। বিশ্বে যত স্প্যাম উৎপন্ন হয় তার চার ভাগের এক ভাগেরও বেশি উৎপন্ন হয় যুক্তরাষ্ট্রে থেকে।

৬। মোজেইক। ১৯৯৩ সালে জন্ম নেয়া মোজেইক হচ্ছে গ্রাফিকাল ইন্টারফেসসমৃদ্ধ সর্বপ্রথম ব্রাউজার। নেটস্কেপ নেভিগেটর আর ইন্টারনেট এক্সপ্লোরারের কাছে শীর্ষস্থান হারানোর আগে এটিই ছিল সবচেয়ে জনপ্রিয় ওয়েব ব্রাউজার।

৭। ফেসবুক। ২০১০-এর শুরুতেও ফেসবুক তার অকল্পনীয় বৃদ্ধি অব্যাহত রেখেছে। অনেকেই বলছেন, ২০১০-এর মাঝামাঝি এটি বিশ্বের জনপ্রিয়তম সাইটে পরিণত হবে।

৮। গুগল। ২০০৯-এর জুন পর্যন্ত যে হিসাব তাতে গুগল ইন্টারনেট বিশ্বের অবিসংবাদিত রাজা। এক তৃতীয়াংশের মত ইন্টারনেট ব্যবহারকারী গুগল ব্যবহার করেন।

৯। ইন্ডল্যান্ড অব ড্যান্স। এ ভিডিওটি এ পর্যন্ত ১২ কোটি বারেরও বেশি দেখেছে ইউটিউব ভক্তরা।

১০। সিম্বলিক। ১৯৮৫-র ১৫ মার্চ তারিখে সিম্বলিক ডোমেইন নাম রেজিস্ট্রেশন করা হয়, সে হিসেবে এটিই বিশ্বের প্রাচীনতম ডোমেইন নাম। জন্মের ২৫ বছর পরও সিম্বলিক কিন্তু এখনও চলমান।

উত্তর